গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

মুজিব শতবর্ষ MUJIB 100

নম্বর : ৪৬.০০.৬৭০০.০৪২.২৭.০১৯.১৯.৮৬

তারিখ: ০৩ মাঘ ১৪২৯
১৭ জানুয়ারি ২০২৩

**বিষয় : নারায়ণগঞ্জ জেলা পরিষদের সার্ভেয়ার পদে নিয়োগ বিধিসম্মত না হওয়ায় নিয়োগ বাতিল।**

সূত্র : ১. দুর্নীতি দমন কমিশনের স্মারক ০০.০১.০০০০.৫০৩.২৬.১৮৬.২২-২০১৩৮, তারিখ: ৩১ মে ২০২২;
২. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.৬৭০০.০৪২.২৭.০১৯.১৯.১৩১৩, তারিখ: ০৩ জুলাই ২০২২;
৩. বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা এর স্মারক ৪৬.৪১.৩০০০.০১৭.২৭.২৯৮.২১-৫৩১, তারিখ: ১১ নভেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলা পরিষদের সার্ভেয়ার পদে দুর্নীতির মাধ্যমে নিয়োগ করা হয় মর্মে দুর্নীতি দমন কমিশনে একটি অভিযোগ দাখিল করা হয়। উক্ত অভিযোগটি বিধিমতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন হতে সূত্রস্থ ১ নং স্মারকে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। অভিযোগটি সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা-কে দায়িত্ব প্রদান করা হয় (কপি সংযুক্ত)। সে প্রেক্ষিতে সূত্রস্থ ৩ নং স্মারকে উক্ত অভিযোগের তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়।

২। তদন্ত প্রতিবেদনে মতামত প্রদান করা হয়েছে, "সার্ভেয়ার পদে ১ম স্থান অধিকারী জনাব রকিবুল হাসান রকিব-কে নিয়োগ প্রদান করা হয়। তিনি ৯(নয়) মাস চাকুরি করার পর পারিবারিক সমস্যার কারণে স্বেচ্ছায় চাকুরী হতে ইস্তফা প্রদান করেন। নিয়োগ কমিটির গত ০৩ অক্টোবর ২০২২ তারিখে কার্যবিবরণীতে উল্লেখ করা হয়, ১ম স্থান অধিকারী জনাব রকিবুল হাসান রকিব যদি যোগদান না করে, তাহলে ২য় স্থান অধিকারী জনাব সোহেল রানা যোগদান করিবেন। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জেলা পরিষদ বরাবর সর্বশেষ ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি করা হয় ০৭-০৯-২০ তারিখ হতে ৬(ছয়) মাস পর্যন্ত। সেমতে জেলা পরিষদ, নারায়ণগঞ্জ কর্তৃক ০৩-১০-২০ তারিখে নিয়োগ প্রক্রিয়ার ব্যবস্থা করেন এবং নিয়োগ কার্য সম্পন্ন করেন। উল্লেখ্য যে, জনাব রকিবুল হাসান রকিব, সার্ভেয়ার পদে নারায়ণগঞ্জ জেলা পরিষদে প্রায় ৯(নয়) মাস চাকুরী করার পরে চাকুরী হতে অব্যাহতি দেন। উক্ত নিয়োগ পরীক্ষায় প্যানেল গঠন করা হয়েছে মর্মে উল্লেখ করা হলে প্যানেল গঠনের কোন তথ্য প্রমাণ পাওয়া যায়নি। পরবর্তীতে নারায়ণগঞ্জ জেলা পরিষদের কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত কমিটি কোন প্রকার প্যানেল গঠন ব্যতীত ও ছাড়পত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরে সার্ভেয়ার পদে ২য় স্থান অধিকারী জনাব সোহেল রানা-কে নিয়োগ প্রদান বিধিসম্মত নয় মর্মে প্রতীয়মান হয়।"

৩। তদন্ত প্রতিবেদনে আরও উল্লেখ করা হয় যে, নিয়োগ কমিটির গত ০৩ অক্টোবর ২০২২ তারিখের সভার কার্যবিবরণীতে উক্ত কমিটির আহ্বায়ক জনাব মোঃ মনোয়ার হোসেন, প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ এবং জনাব মোঃ ওয়ালিউল্যাহ, সহকারী প্রকৌশলী (প্রেষণে), জেলা পরিষদ, নারায়ণগঞ্জ এর স্বাক্ষর রয়েছে। বাকি ৩(তিন) জন্য সদস্য এর কোন স্বাক্ষর গ্রহণ করা হয়নি। নিয়োগ বিজ্ঞপ্তিতে প্যানেল গঠন এবং প্যানেল হতে নিয়োগের বিষয়ে কিছু উল্লেখ ছিল না।

৪। এমতাবস্থায়, উক্ত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের পরিপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ জেলা পরিষদের সার্ভেয়ার পদে নিয়োগ প্রদান বিধিসম্মত না হওয়ায়, এ পদে জনাব সোহেলা রানা, পিতা: আব্দুল কাদের, গ্রাম: বাচামারা, পো: বাচামারা, উপজেলা: দৌলতপুর, জেলা: মানিকগঞ্জ এর নিয়োগ বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের ছায়ালিপি।

১৭/০১/২০২৩


এস এম নজরুল ইসলাম
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd


প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: মহাপরিচালক ও আহ্বায়ক (যাচাই বাছাই কমিটি)]
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৬৭০০.০৪২.২৭.০১৯.১৯.৮৭

তারিখ: ০৩ মাঘ ১৪২৯ / ১৭ জানুয়ারি ২০২৩

**বিষয় : নারায়ণগঞ্জ জেলা পরিষদের সার্ভেয়ার পদে নিয়োগ বিধিসম্মত না হওয়ার বিষয়ে ব্যাখ্যা প্রদান।**

সূত্র : ১. দুর্নীতি দমন কমিশনের স্মারক ০০.০১.০০০০.৫০৩.২৬.১৮৬.২২-২০১৩৮, তারিখ: ৩১ মে ২০২২;
২. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.৬৭০০.০৪২.২৭.০১৯.১৯.১৩১৩, তারিখ: ০৩ জুলাই ২০২২;
৩. বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা এর স্মারক ৪৬.৪১.৩০০০.০১৭.২৭.২৯৮.২১-৫৩১, তারিখ: ১১ নভেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলা পরিষদের সার্ভেয়ার পদে দুর্নীতির মাধ্যমে নিয়োগ করা হয় মর্মে দুর্নীতি দমন কমিশনে একটি অভিযোগ দাখিল করা হয়। উক্ত অভিযোগটি বিধিমতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন হতে সূত্রস্থ ১ নং স্মারকে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। অভিযোগটি সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা-কে দায়িত্ব প্রদান করা হয় (কপি সংযুক্ত)। সে প্রেক্ষিতে সূত্রস্থ ৩ নং স্মারকে উক্ত অভিযোগের তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়।

২। তদন্ত প্রতিবেদনে মতামত প্রদান করা হয়েছে, “সার্ভেয়ার পদে ১ম স্থান অধিকারী জনাব রকিবুল হাসান রকিব-কে নিয়োগ প্রদান করা হয়। তিনি ৯(নয়) মাস চাকুরি করার পর পারিবারিক সমস্যার কারণে স্বেচ্ছায় চাকুরী হতে ইস্তফা প্রদান করেন। নিয়োগ কমিটির গত ০৩ অক্টোবর ২০২২ তারিখে কার্যবিবরণীতে উল্লেখ করা হয়, ১ম স্থান অধিকারী জনাব রকিবুল হাসান রকিব যদি যোগদান না করে, তাহলে ২য় স্থান অধিকারী জনাব সোহেল রানা যোগদান করিবেন। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জেলা পরিষদ বরাবর সর্বশেষ ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি করা হয় ০৭-০৯-২০ তারিখ হতে ৬(ছয়) মাস পর্যন্ত। সেমতে জেলা পরিষদ, নারায়ণগঞ্জ কর্তৃক ০৩-১০-২০ তারিখে নিয়োগ প্রক্রিয়ার ব্যবস্থা করেন এবং নিয়োগ কার্য সম্পন্ন করেন। উল্লেখ্য যে, জনাব রকিবুল হাসান রকিব, সার্ভেয়ার পদে নারায়ণগঞ্জ জেলা পরিষদে প্রায় ৯(নয়) মাস চাকুরী করার পরে চাকুরী হতে অব্যাহতি দেন। উক্ত নিয়োগ পরীক্ষায় প্যানেল গঠন করা হয়েছে মর্মে উল্লেখ করা হলে প্যানেল গঠনের কোন তথ্য প্রমাণ পাওয়া যায়নি। পরবর্তীতে নারায়ণগঞ্জ জেলা পরিষদের কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত কমিটি কোন প্রকার প্যানেল গঠন ব্যতীত ও ছাড়পত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরে সার্ভেয়ার পদে ২য় স্থান অধিকারী জনাব সোহেল রানা-কে নিয়োগ প্রদান বিধিসম্মত নয় মর্মে প্রতীয়মান হয়।”

৩। তদন্ত প্রতিবেদনে আরও উল্লেখ করা হয় যে, নিয়োগ কমিটির গত ০৩ অক্টোবর ২০২২ তারিখের সভার কার্যবিবরণীতে উক্ত কমিটির আহ্বায়ক জনাব মোঃ মনোয়ার হোসেন, প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ এবং জনাব মোঃ ওয়ালিউল্ল্যাহ, সহকারী প্রকৌশলী (প্রেষণে), জেলা পরিষদ, নারায়ণগঞ্জ এর স্বাক্ষর রয়েছে। বাকি ৩(তিন) জন্য সদস্য এর কোন স্বাক্ষর গ্রহণ করা হয়নি। নিয়োগ বিজ্ঞপ্তিতে প্যানেল গঠন এবং প্যানেল হতে নিয়োগের বিষয়ে কিছু উল্লেখ ছিল না।

৪। এমতাবস্থায়, উক্ত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের পরিপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ জেলা পরিষদের সার্ভেয়ার পদে নিয়োগ প্রদান বিধিসম্মত না হওয়ায়, এ বিষয়ে আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে **ব্যাখ্যা প্রদানের জন্য** নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের ছায়ালিপি।

২৭/০১/২০২৩

এস এম নজরুল ইসলাম
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. জনাব মোঃ মনোয়ার হোসেন (যুগ্মসচিব, পরিচিতি নং-৬৭৪০)
Additional Project Director (E & HS, LA & Resettlement),
Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route
ও
প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ

২. জনাব মোঃ ওয়ালিউল্ল্যাহ, সহকারী প্রকৌশলী (পিআরএল), এলজিইডি ও প্রাক্তন সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: মহাপরিচালক ও আহ্বায়ক (যাচাই বাছাই কমিটি)]
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)